

ফের আন্দোলনের ঘোষণা ছাত্রলীগের পদবঞ্চিতদের

২৯ অক্টোবর ২০১৯ ০১:৩০

আপডেট: ২৯ অক্টোবর ২০১৯ ০১:৩০



মতামত
আমাদের সময়

ছাত্রলীগে পদপ্রাপ্ত বিতর্কিত নেতাদের বাদ দিতে দৃশ্যমান কোনো অগ্রগতি না হলে আবারও আন্দোলনের ঘোষণা দিয়েছেন পদবঞ্চিতরা। গতকাল সোমবার ছাত্রলীগের ভারপ্রাপ্ত দুই শীর্ষ নেতার সঙ্গে আলোচনা শেষে এ ঘোষণা দেন ‘বিতর্কমুক্ত ছাত্রলীগ’ আন্দোলনের মুখপাত্র রাকিব হোসেন। মধুর ক্যান্টিনে রাত সাড়ে ৭টার দিকে আলোচনা শেষে এ ঘোষণা দেন তিনি।

রাকিব হোসেন আমাদের সময়কে বলেন, ছাত্রলীগকে বিতর্কমুক্ত করতেই হবে। দুই শীর্ষ নেতা দায়িত্ব পাওয়ার পর বলেছিলেন, সবার আগে আমাদের বিষয়টি সমাধান করবেন। কিন্তু দুই মাস পেরিয়ে গেলেও বিতর্কিতদের বাদ দেওয়া হয়নি। এ নিয়ে তাদের সঙ্গে বৈঠক হয়েছে। সেখানে অনেক কথা হয়েছে। নেতাদের কথায় আমরা সন্তুষ্ট হতে পারিনি। তাই সিদ্ধান্ত নিয়েছি, আগামী তিন দিনের মধ্যে ছাত্রলীগ বিতর্কমুক্ত করতে দৃশ্যমান অগ্রগতি না দেখলে আবার আন্দোলন কমসূচি দেওয়া হবে।

জানতে চাইলে ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আল নাহিয়ান খান জয় বলেন, তাদের সঙ্গে আজকে মধুর ক্যান্টিনে আলোচনায় বসেছি। তারা বিতর্কদের নিয়ে কথা বলেছেন। পদপদবি ছাড়া রাজনীতি করা কঠিন- এ কথা তারা আমাদের জানিয়েছেন। আন্দোলনের বিষয়ে জয় বলেন, তারা (পদবঞ্চিতরা) যদি আন্দোলন করতে চান, এটি তাদের বিষয়। আমাদের চাপ দিয়ে লাভ নেই। আমরা একটি বিশেষ মুহূর্তে দায়িত্ব নিয়েছি।

উল্লেখ্য, চলতি বছরের ১৩ মে ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেন তৎকালীন সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন ও সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী। ওই দিনই পদবঞ্চিতরা বিক্ষোভ মিছিল শেষে সন্ধ্যায় মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন করতে এলে কিছু নেতাকর্মী তাদের ওপর হামলা চালান। পরে সেটি আন্দোলনে রূপ নেয়। এর পরের দিন থেকে হামলার বিচারসহ বিতর্কিতদের বাদ দেওয়ার দাবিতে আন্দোলন আরও জোরালো হয়।

advertisement